



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসির আয়োজনে প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ মার্চ ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে ২ দিনব্যাপী প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন করা হয়েছে। ১৫ মার্চ ২০২২ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “পাঠ্যক্রম উন্নয়ন” ও “পাঠ্যক্রম পর্যালোচনা” বিষয়ের উপর এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাটি উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিনের সভাপতিত্বে কর্মশালায় মূল বক্তা ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির সাবেক পরিচালক ও এগ্রোটেকনোলজি ডিসিপ্লিন’র অধ্যাপক ড. মোঃ সারওয়ার জাহান। বক্তব্য রাখেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক ও প্লান্ট প্যাথলজি বিভাগের অধ্যাপক ড. মোঃ শহিদুল ইসলাম এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক ও পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ শাহজাহান। ২ দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৪২ জন সম্মানিত শিক্ষক প্রশিক্ষন গ্রহণ করবেন। এদিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৫ম বর্ষে পদার্পন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে দুপুর ১২ টায় এক আলোচনা সভার আয়োজন করা হয়। ‘পদ্মা সেতু: দক্ষিণাঞ্চলের অর্থনীতি ও সাংবাদিকতা’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যোগদেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান শরীফা উম্মে শিরিনার সভাপতিত্বে অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট সাংবাদিক অজয় দাশগুপ্ত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস